

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্
ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৭
০৭ মে, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

“স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম”, “কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম”, এবং “নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল” অধিকতর কার্যকর করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। ০২। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতের পুনরুজ্জীবন প্রক্রিয়া আরও গতিশীল এবং টেকসই করতে চলতি মূলধন এর পাশাপাশি মেয়াদি ঋণ/বিনিয়োগের যথাযথ প্রবাহ নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত নিম্নোক্ত ৩ (তিন) টি পুনঃঅর্থায়ন তহবিলের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

ক) “স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম”, “কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম” এবং “নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল” এর আকার বৃদ্ধি করে যথাক্রমে ১,৫০০ কোটি, ১৪০০ কোটি, এবং ১০০ কোটি টাকায় উন্নীত করণ;

খ) উক্ত তহবিল তিনটির আওতায় সুদের হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ০৩ (তিন) শতাংশ এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ০৭ (সাত) শতাংশ এ পুনঃনির্ধারণ; এবং

গ) এসকল তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ন্যূনতম যোগ্যতা বিষয়ে সার্কুলার ০২/ ২০১৯ এর অনুচ্ছেদ ১১.৫ (জ) এর ১ ও ২ নং শর্তাবলীসমূহ রাস্ট্রায়ত্ত্ব ব্যাংক/বিশেষায়িত ব্যাংকসমূহের জন্য প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত, একই অনুচ্ছেদ (১১.৫(জ)) এর ৫ নং শর্ত শিথিল করে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের ব্যবসায়িক অভিজ্ঞতা ন্যূনতম ০৩ (তিন) বছর করা হয়েছে।

এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(লীলা রশিদ)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২